বাংলাদেশের সুবর্ণজয়ন্তী
Bangladesh 50

মুজিব MUJIB 100

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**
১ কাওরান বাজার, টিসিবি ভবন (৭ম তলা), ঢাকা।
www.roc.gov.bd

স্মারক নং- ২৬.০৬.০০০০.০৯৩.০২.০৯৭.২১.২৫৯৪ তারিখঃ ৩০.১১.২২

## পরিপত্র

বিষয়: ডিজিটাল সেবার মাধ্যমে দ্রুততম সময়ে গ্রাহকসেবা নিশ্চিতকরণের উদ্দেশ্যে নিবন্ধিত কোম্পানির সংশোধিত সংঘস্মারক ও সংঘবিধি ইলেকট্রনিক স্বাক্ষরের মাধ্যমে সার্টিফাইড কপি অনলাইনে প্রেরণ।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে যে, সেবা সহজীকরণের লক্ষ্যে ও ডিজিটাল সেবার মাধ্যমে দ্রুততম সময়ে গ্রাহকসেবা নিশ্চিতকরণের উদ্দেশ্যে এ পরিদপ্তরে অনলাইনে নিবন্ধিত কোম্পানিসমূহের সংশোধিত/পরিবর্তিত সংঘ স্মারক ও সংঘ বিধির সার্টিফাইড কপি ম্যানুয়াল স্বাক্ষরের পরিবর্তে ইলেকট্রনিক স্বাক্ষরের মাধ্যমে অনলাইনে প্রদানের ক্ষেত্রসমূহ নিম্নোক্তভাবে কার্যকর করার জন্য পরিপত্র জারী করা হলো :-

(ক) অনলাইনে নিবন্ধিত যে সকল কোম্পানি সংঘ স্মারক ও সংঘ বিধি এখন পর্যন্ত পরিবর্তন করেনি শুধুমাত্র সে সকল কোম্পানির সংশোধিত সংঘ স্মারক ও সংঘ বিধির প্রযোজ্য অংশটুকু আরজেএসসির সফটওয়্যারে নির্ধারিত ফরমে দাখিল করবে।
(খ) সংঘ স্মারকের উদ্দেশ্যাবলির পরিবর্তনের ক্ষেত্রে পরিবর্তিত/সংশোধিত অংশটুকু অনলাইনে দাখিল করবে এবং মহামান্য হাইকোর্টের সংশোধিত/পরিবর্তন সংক্রান্ত আদেশর কপি সংযুক্তি হিসেবে দাখিল করতে হবে।
(গ) কোম্পানির নাম পরিবর্তনের ক্ষেত্রে কোম্পানির নাম পরিবর্তনের বিশেষ সভার সিদ্ধান্ত এবং নতুন প্রস্তাবিত নামের ছাড়পত্রের নম্বর (Name Clearance number) এন্ট্রি করতে হবে।
(ঘ)অনুমোদিত মূলধন (Authorized Capital) পরিবর্তনের ক্ষেত্রে বিশেষ সাধারণ সভার সিদ্ধান্ত এবং পরিবর্তন সংক্রান্ত বিষয়াবলী অনলাইনে নির্ধারিত ফরম viii ও ফরম iv সহ এন্ট্রি করতে হবে।
(ঙ) শেয়ারের নামিক মূল্যের (Nominal Value of Share) পরিবর্তনের ক্ষেত্রে বিশেষ সাধারণ সভার সিদ্ধান্ত পরিবর্তন সংক্রান্ত বিষয়াবলী অনলাইনে নির্ধারিত ফরম viii ও ফরম iii সহ এন্ট্রি করতে হবে।
(চ) নিবন্ধিত প্রাইভেট লিমিটেড থেকে পাবলিক লিমিটেড কোম্পানিতে রুপান্তরের ক্ষেত্রে বিশেষ সাধারণ সভার সিদ্ধান্ত এবং পরিবর্তন সংক্রান্ত নিধারিত ফরম viii ও ফরম v অনলাইনে এন্ট্রি করতে হবে।
(ছ) নিবন্ধিত পাবলিক লিমিটেড কোম্পানি হতে প্রাইভেট লিমিটেড কোম্পানিতে রুপান্তরের ক্ষেত্রে বিশেষ সাধারণ সভার সিদ্ধান্ত এবং পরিবর্তন সংক্রান্ত নির্ধারিত ফরম viii অনলাইনে এন্ট্রি করবে।
(জ) এ সংক্রান্ত টিউটেরিয়াল আরজেএসসির ওয়েবসাইটে (https://roc.gov.bd) অন্যান্য টিউটোরিয়াল এ পাওয়া যাবে।


এ আদেশ ০৪.১২.২০২২ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

৩০/১১/২০২২
(শেখ শোয়েবুল আলম এনডিসি)
নিবন্ধক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ৮১৮৯৪০৩

বিতরণঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।
১.গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
২.নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), ই-৬/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই), ৬০ মতিঝিল, ঢাকা।
৫.সভাপতি, মেট্রোপলিটন চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ১২২-১২৪ মতিঝিল, ঢাকা।
৬. সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স ইন্ডাস্ট্রি, ঢাকা চেম্বার বিল্ডিং, ৬৫-৬৬ মতিঝিল, ঢাকা।
৭. সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচার এন্ড এক্সপোর্টার এসোসিয়েসন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ ৭/৭এ, সেক্টর-১৭, ব্লক-এইচ-১, উত্তরা, ঢাকা।
৮. সভাপতি, বাংলাদেশ নীটওয়্যার ম্যানুফ্যাকচারার এক্সপোর্টার এসোসিয়েশন, ১৩/এ সোনারগাঁও রোড, ঢাকা।
৯. সভাপতি, ইন্সটিটিউট অফ চার্টার্ড সেক্রেটারীজ অফ বাংলাদেশ, পদ্মা লাইফ ইনস্যুরেন্স ভবন, ১০৫, কাজী নজরুল এভিনিউ, ঢাকা।
১০. সহকারী নিবন্ধক, সংস্থাপন শাখা, আরজেএসসি, ঢাকা।
১১. সহকারী প্রোগ্রামার, আরজেএসসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map)

বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map)



| ধাপ | কার্যক্রম | সময় | জনবল |
|---|---|---|---|
| ধাপঃ৯ | উপনিবন্ধক কর্তৃক অনুমোদন ও রেকর্ডভুক্তকরণ | T: একই দিন | P: ১ জন [উপনিবন্ধক] |
| ধাপঃ ১০ | রেকর্ডভুক্তকরণের পর সেবাগ্রহিতা কর্তৃক সার্টিফাইড কপির জন্য অনলাইনে আবেদন দাখিল | T: ১ দিন | P: ১ জন [সেবাগ্রহিতা] |
| ধাপঃ ১১ | সার্টিফাইড কপির জন্য ব্যাংক/ভিসা কার্ড/এমএফএস এর মাধ্যমে ফিস প্রদান | T: ১ দিন | P: ১ জন [সেবাগ্রহিতা] |
| ধাপঃ ১২ | রেকর্ডকৃত সংঘস্মারক ও সংঘবিধি কপিস্ট কর্তৃক প্রিন্ট করে উক্ত ফরমে সীলসহ স্বাক্ষর প্রদান করে সহকারী নিবন্ধক বরাবর প্রেরণ। | T: একই দিন<br>T: একই দিন | P: ১ জন [কপিস্ট] |
| ধাপঃ ১৩ | সহকারী নিবন্ধক কর্তৃক স্বাক্ষর প্রদান এবং কপিস্ট এর নিকট প্রেরণ | T: ১ দিন | P: ১ জন [সহকারী নিবন্ধক] |
| ধাপঃ ১৪ | কপিস্ট কর্তৃক ইস্যূ নম্বর রেজিস্টার বই এ লিপিবদ্ধকরণ | T: একই দিন | P: ১ জন [কপিস্ট] |
| ধাপঃ ১৫ | স্বশরীরে এসে আবেদনকারী কর্তৃক আরজেএসসি’র কাউন্টার হতে চাহিত সংশোধিত সংঘস্মারক ও সংঘবিধি এর স্বাক্ষরিত সার্টিফাইট কপি গ্রহণ। | T: ১ দিন | P: ২ জন [সেবাগ্রহিতা ও কাউন্টার স্টাফ] |

শেষ

## প্রস্তাবিত পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map)

**সেবার নাম:** অনলাইনে সংঘস্মারক ও সংঘবিধি সংশোধন পদ্ধতি সহজিকরন ও সংশোধিত সংঘস্মারক ও সংঘবিধির ইলেক্ট্রনিক স্বাক্ষরযুক্ত সার্টিফাইট কপি সরবরাহকরণ।

T: ৪ দিন
C:১৫৪০ টাকা
V: ১ বার
P: ৭ জন
S: ১০ টি

শুরু

ধাপঃ১

আরজেএসসি অনলাইন সিস্টেমে লগ-ইন করে ফরম-৮এর তথ্য এন্ট্রিকরণ , সংশোধিত সংঘস্মারক বা সংঘবিধির সফটকপি তথ্য ক্লজ অনুযায়ী এন্ট্রিকরণ এবং মানি রিসিট সংগ্রহ। প্রয়োজনীয় ফি [৫৪০ টাকা ভ্যাটসহ] অনলাইনের মাধ্যমে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমাদান ।

T: ১ দিন
P: সেবা গ্রহিতা

ধাপঃ২

অনলাইনে দাখিলকৃত ফরম viii ও অন্যান্য ডকুমেন্টের হার্ডকপি আরজেএসসি’র কাউন্টারে জমাদান

T: একই দিন
P: অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

ধাপঃ৩

অনলাইন আবেদন ও হার্ডকপি আরজেএসসি’র কর্মচারী কর্তৃক অনলাইনে গ্রহনসহ উক্ত আবেদন যাচাইকরণ

T: একই দিন
P: অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

ডকুমেন্ট সঠিক কিনা ?

না

হ্যাঁ

ধাপঃ৪

হার্ডকপি ডকুমেন্টের ফিস মার্ককরতঃ এক্সামিনা্র অব একাউন্টসের নিকট প্রেরণ

T: একই দিন
P- অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

ধাপঃ৫

এক্সামিনার অব একাউন্টস কর্তৃক হার্ডকপি ডকুমেন্টের সাথে অনলাইন ডকুমেন্টের শুধুমাত্র সংশোধিত ক্লজ যাচাই-বাছাইপূর্বক সহকারী নিবন্ধকের নিকট নথি উপস্থাপন

T: ১ দিন
P- এক্সামিনার অব একাউন্টস

না হলে

যাচাই বাছাই সঠিক কিনা ?

পুনঃ সংশোধনের জন্য ই-নোটিফিকেশন প্রেরণ

হ্যাঁ

ধাপঃ৬

সেবাগ্রহীতা কর্তৃক সংশোধিত ডকুমেন্ট এক্সামিনার অব একাউন্টসের নিকট প্রেরণ

T: একই দিন
P- এক্সামিনার অব একাউন্টস

ধাপঃ৭

সহকারী নিবন্ধক কর্তৃক যাচাই-বাছাই এবং রেকর্ডভুক্তকরনের সুপারিশসহ উপনিবন্ধকের নিকট নথি উপস্থাপন

T: ১ দিন
P- সহকারী নিবন্ধক

ধাপঃ ৮

উপনিবন্ধক কর্তৃক অনুমোদন ও রেকর্ডভুক্তকরণ

T: একই দিন
P-উপ নিবন্ধক

ধাপঃ ৯

রেকর্ডভুক্তকরণের পর সেবাগ্রহীতা কর্তৃক সার্টিফাইড কপির জন্য অনলাইনে আবেদন দাখিল ফি সহ ।

T: ১ দিন
p- সেবাগ্রহীতা

ধাপঃ ১০

সিস্টেম কর্তৃক ডিজিটাল স্বাক্ষর প্রদান এবং সেবাগ্রহীতার ইমেইলে প্রেরন ।

T: একই দিন
P-সিস্টেম

শেষ

৩। TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

| | বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত পদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘন্টা) | ১০ দিন | ৪ দিন |
| খরচ (নাগরিক ও অফিসের) | ৫৫৪০ টাকা | ১৫৪০টাকা |
| যাতায়াত | কমপক্ষে ৪ বার | ১ |
| ধাপ | ১৫টি | ১০ টি |
| জনবল | ১১জন | ৬ জন |
| দাখিলীয় কাগজপত্র | ০৪ টি | ০৪ টি |